আজ তারাপীঠে পুজো দিতে আসছেন অমিত শাহ

রামপুরহাট, ২৭ জুন: অমিত শাহর তারাপীঠ সফরের আগে প্রশাসনের অসহযোগিতার অভিযোগ তুলল রাজ্য বিজেপি। মুখ্যমন্ত্রীর নির্দেশেই এরকম করা হচ্ছে বলে তাদের অভিযোগ।

আজ তারাপীঠে আসছেন অমিত শাহ। সেখান থেকে সকালে হেলিকপ্টারে রামপুরহাটে যাবেন তিনি। যাবেন তারাপীঠ মন্দিরে পুজো দিতে। বিজেপি রাজ্য নেতৃত্ব রামপুরহাটে গিয়ে দেখেন, তৈরি নেই হেলিপ্যাড। রাজু বন্দ্যোপাধ্যায় বলেন, ''যেখানে হেলিকপ্টার নামবে তারজন্য প্রয়োজনীয় কাগজপত্র আমরা প্রশাসনের কাছে জমা দিয়েছিলাম ২২ জুন। কিন্তু প্রশাসনের কোনও হেলদোল নেই। মুখ্যমন্ত্রীর নির্দেশ মেনে তারা কাজ করছে। তারাপীঠে অমিত শাহ আসুন এটা প্রশাসন চাইছে না। মুখ্যমন্ত্রীর ষড়যন্ত্রে প্রশাসন এমন নোংরামি করছে।''

পাশাপাশি তিনি অভিযোগ করেন, ''তৃণমূল রাস্তায় রাস্তায় উন্নয়ন দাঁড় করিয়ে রেখেছে। কোনও পতাকা লাগাতে দিচ্ছে না।'' বিজেপির জেলা সভাপতি রামকৃষ্ণ রায় বলেন, ''আমরা প্রশাসনের কাছ থেকে কোনওদিন সহযোগিতা পাইনি। আজও পাচ্ছি না। দেখছি, দেখব এই করে যাচ্ছে।

মহকুমাশাসক বলছেন, আমি নির্দেশ দিয়ে দিয়েছি, ওদিকে পিডব্লুউডি-র ইঞ্জিনিয়ার বলছেন আমি কোনও লিখিত পাইনি।'' এখনও হেলিপ্যাড তৈরি না হলেও বিজেপি ইতিমধ্যে তারাপীঠে দলীয় পতাকা, ফেস্টুন, কাটআউট লাগাতে শুরু করেছে।

বিজেপির আইটি সেলকে আরও কার্যকরী ভূমিকা নেওয়ার পরামর্শ অমিত শাহ'র

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : 'বিজেপির আইটি সেলের কর্মীদের আরও সক্রিয় হতে হবে। সোশ্যাল মিডিয়ায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনমুখী প্রকল্পগুলির আরও বেশি করে পোস্ট করতে হবে। ঘরে বসে না থেকে মানুষকে বোঝাতে হবে।' বুধবার হাওড়ার শরৎ সদনে আইটি সেলের কনভেনশনে উপস্থিত হয়ে তাঁদের কর্মীদের উদ্দেশে এই কথাই বললেন বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহ। মূলত, এদিন বিজেপির আইটি সেলের সোশ্যাল মিডিয়া কনভেনশনে উপস্থিত ছিলেন। বিজেপির শীর্ষ নেতা অমিত শাহ। তিনি আইটি সেলের কর্মীদের কাজের ব্যাপারে ক্ষোভ প্রকাশ করেন। যদিও এই কনভেনশনে মিডিয়ার প্রবেশ নিষিদ্ধ ছিল। সম্মেলন শেষে অমিতবাবু সাংবাদিকদের

ছবি—শুভম জ্যোতি।

মুখোমুখি কিছু বলেননি। যেটুকু জানা গিয়েছে, অমিতবাবু হাওড়ার শরৎ সদনে বিজেপি আইটি সেলের কর্মীদের বলেন, বাংলায় থাকতে হলে আগে বাংলাটা ভাল করে শিখতে হবে। বাঙালিদের মতো আচার-আচরণ করতে হবে। প্রতি শনিবার ও রবিবার ঘরে বসে না থেকে লোকের বাড়ি বাড়ি যান। গ্রামের মানুষকে স্মার্ট ফোন ব্যবহার শেখান। অনেক মানুষ জানেনই না কীভাবে কেন্দ্রীয় সরকার সাধারণ মানুষদের জন্য উন্নয়ন করছে, তা মানুষকে বোঝান। এখানকার রাজ্য সরকার অনেক কেন্দ্রীয় প্রকল্প নিজেদের নামে চালাচ্ছে। তাঁদের ভুল ধারণা মেটান। কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলিকে আরও বেশি ট্যাইট করতে হবে, তা কতজন আর ফলো করেন, অমিতবাবু এদিন বলেন।

অমিতবাবু আরও বলেন, পরিশ্রম না করলে ঈশ্বরও সঙ্গ দেন না। তাই লোকসভা ভোটের আগে সবাই আরও বেশি পরিশ্রম করুন।

অপরদিকে বুধবার হাওড়ায় সোশ্যাল মিডিয়া কনভেনশনে আসার আগে হাওড়ার ফরশোর রোডে বিজেপির পতাকা ও প্ল্যাকার্ড ছিঁড়ে ফেলার অভিযোগ উঠেছে। তার জন্য এদিন বঙ্কিম সেতুর নিচে বিজেপি কর্মীরা অবরোধ করেন। তবে কেন্দ্রীয় সভাপতি আসতে পরিস্থিতি স্বাভাবিক হয়।

আমতায় বাস বন্ধ, উত্তেজনা

নিজস্ব প্রতিনিধি, হাওড়া: বুধবার সকালে হাওড়ার আমতা বাসস্ট্যান্ড থেকে সব রুটের বাস বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠল নিত্যযাত্রীদের বিরুদ্ধে। এই নিয়ে আমতা বাসস্ট্যান্ডে তীব্র উত্তেজনার সৃষ্টি হয়। সরকারি নিয়ম অনুযায়ী বাস ভাড়া বাড়ানো হয়েছে বলে মালিকরা দাবি করলেও বর্ধিত ভাড়া দিতে অস্বীকার করে যাত্রীরা। এই নিয়ে তুমুল উত্তেজনা সৃষ্টি হয়। চাপানউতোরের মধ্যে এই রুটে বাস ভাড়া ঠিক না হওয়া পর্যন্ত বাস চলাচল বন্ধ করে দেয় যাত্রীরা। সমস্যা সমাধানে ঘটনাস্থলে পুলিশ রয়েছে।

উল্লেখ্য, আমতা বাসস্ট্যান্ড থেকে প্রায় ছ'টি রুটের বাস চলাচল করে। এর ফলে বিপাকে পড়ে যাত্রীরা। বিশিষ্টদের মতে, সরকার বাস ভাড়া বাড়িয়েছে সেই সম্বন্ধে মানুষদের অবগত থাকা উচিত।

মায়ের বকুনি, আত্মঘাতী যুবক

সোনারপুর, ২৭ জুন: ঘর থেকে উদ্ধার হল এক কিশোরের ঝুলন্ত মৃতদেহ। বুধবার সকালে ঘটনাটি ঘটেছে গড়িয়ার পাঁচপোতায়। মৃতের নাম সৈকত বড়াল (১৬)। পরিবারের বক্তব্য, কাল সকালে সৈকতের ফোনে একটি প্রাপ্তবয়স্কর ভিডিও পান। এরপরই ফোনটি তার কাছ থেকে নিয়ে নেওয়া হয়। অভিমানে আত্মহত্যা করে সৈকত। দেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে সোনারপুর থানার পুলিশ। অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু হয়েছে।

পরিবারের তরফে জানা গেছে, মাধ্যমিকে ভাল রেজাল্ট করেছিল সৈকত। সাতটি বিষয়ে সে লেটার পেয়েছিল। এরপর বাবা-মায়ের কাছে স্মার্ট ফোন কিনে দেওয়ার আবদার করেছিল। ছেলের আবদার ফেলতে পারেননি বাবা ও মা। ফোন কিনে দিয়েছিলেন। কিছুদিন আগে যাদবপুর বিদ্যাপীঠে ক্লাস ইলেভেনে বিজ্ঞান নিয়ে ভর্তি হয় সৈকত। তবে ফোন পাওয়ার পর থেকে সেদিকেই মন চলে গিয়েছিল তার। ইন্টারনেটের মাধ্যমে প্রাপ্তবয়স্কের ভিডিও দেখত। গতকাল সকালে এই বিষয়টি তার মা মিনু বড়ালের চোখে পড়ে যায়। সে সময় সৈকতকে তিনি বকাবকি করেন। এমনকী তার কাছ থেকে ফোন নিয়ে নেন। যদিও পরে আবার সৈকত মায়ের থেকে ফোন কেড়ে নেয়। তারপর থেকে স্বাভাবিকই ছিল সৈকত। রাতে খাওয়াদাওয়া করে ভাইয়ের সঙ্গে শুয়েও পড়েছিল।

বুধবার সকালে সৈকতকের পড়তে যাওয়ার কথা ছিল। তাই তাকে ঘুম থেকে ওঠার জন্য ডাকাডাকি করা হয়। অনেকবার ডাকাডাকির পরও সৈকত সাড়া দেয়নি। পরে ঘরের জানালা দিয়ে উঁকি দিয়ে দেখা যায় সিলিং থেকে গলায় দড়ির ফাঁস লাগানো অবস্থায় ঝুলছে। দরজা ভেঙে তার মৃতদেহ উদ্ধার করা হয়।

খবর পেয়ে পৌঁছয় সোনারপুর থানার পুলিশ। দেহটি ময়নাতদন্তের জন্য হাসপাতালের পাঠায় তারা। অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ।

ভাগ্যলিপি

মেষ
আজকের দিনটা আপনার। গণেশ বলছেন, এগিয়ে চলার চেষ্টা করুন।

বৃষ
ব্যবসায় মিশ্রফল। বড় লেনদেনের ঝুঁকি না নেওয়ায় ভালো

মিথুন
খেলোয়াড়দের কাছে আজকের দিনটি অত্যন্ত শুভ। সাফল্য লাভের সম্ভাবনা।

কর্কট
বকেয়া কাজ আজ সাফল্যের সঙ্গে শেষ করতে পারবেন।

সিংহ
দিনের শেষে সাফল্য আসবে। কাজেই সব কিছুতেই এগিয়ে চলার চেষ্টা করুন।

কন্যা
সন্তানের দিকে আজ নজর দিন। সুখের দিন আজ সব দিক থেকে সাফল্য আসবে।

তুলা
নতুন পরিকল্পনা আজ আপনার মাথায় আসবে। নতুন ব্যবসার দিকে এগিয়ে যেতে পারেন।

বৃশ্চিক
গণেশ বলছেন, অপেক্ষা করুন ফল মিলবে।

ধনু
গণেশেণ বক্তব্য, সমস্যার সমাধান আজ হতে পারে।

মকর
ছাত্র-ছাত্রীদের আজ ভালো খবর পাওয়ার দিন।

বৃশ্চিক
যোগাযোগের ক্ষেত্রে কর্মরতদের কাছে আজকের দিনটি অত্যন্ত শুভ।

মীন
যে সমস্যা আপনার সামনে তৈরি হয়েছিল তা থেকে আপনি বেড়িয়ে আসতে পারবেন।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

–সম্পাদক

শান্তিপুরে নির্মীয়মাণ ছাদে বোমা বিস্ফোরণ, আহত শ্রমিক

শান্তিপুর, ২৭ জুন: নির্মীণমাণ ছাদে বোমা বিস্ফোরণ হল। যার জেরে জখম হয়েছেন এক নির্মাণ শ্রমিক। ঘটনাটি ঘটেছে নদিয়ার শান্তিপুরে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় শান্তিপুর থানার পুলিশ। ফেটে যাওয়া বোমাপ টুকরোগুলি উদ্ধার করে ফরেন্সিক পরীক্ষার জন্য নিয়ে যাওয়া হয়। বিস্ফোরণের জেরে আতঙ্ক ছড়িয়ে পড়ে এলাকায়। শান্তিপুর পুরসভার সাহাপাড়া এলাকায় থাকেন ওই পুরসভারই ১৪ নং ওয়ার্ডের কাউন্সিলর সুব্রত ঘোষ। সুব্রতবাবুর বাড়ির পাশেই থাকেন তাঁর বোন। তাঁর বাড়ির ছাদ মেরামতির কাজ চলছিল। বৃহস্পতিবার ৯টা নাগাদ সেই কাজে বাড়ির ছাদে যান এক শ্রমিক। তিনি দেখতে পান সেখানে একটি বোমা পড়ে আছে। পরে বৃষ্টির জলে ভিজে বোমাটি নিষ্ক্রীয় হয়ে গেছে মনে করে তা ফেলে দেওয়ার চেষ্টা করেন। তখনই ঘটে বিস্ফোরণ। আহত হন ওই শ্রমিক। তবে কীভাবে বোমাটি ওখানে এল তা এখনও জানা যায়নি।

এই ঘটনার পর কাউন্সিলর সুব্রত ঘোষ বলেন, 'পাশেই আমার বোনের বাড়ি। ওদের ছাদ সারানোর কাজ চলছিল। কাজে এসে একজন মিস্ত্রি দেখেন ছাদে একটি বোমা পড়ে আছে। বোমাটি নিষ্ক্রীয় ভেবে ফেলে দিতে গিয়ে তা ফেটে যায়। উনি চোট পান। আমার মনে হয়, রাজনৈতিক শত্রুতা থেকেই কেউ বোমাটি রেখে গেছে। যাতে এই ঘটনার সঠিক তদন্ত হয় আমি সেই বিষয়টি দেখব।

রেজিনগরে উদ্ধার যুবতীর ঝুলন্ত মৃতদেহ

রেজিনগর, ২৭ জুন: রেজিনগরের নাজিরপুরে উদ্ধার হল এক যুবতীর ঝুলন্ত মৃতদেহ। তাঁর বাবার অভিযোগ, রাতে বাড়িতে ঢুকে মেয়ের সঙ্গে আপত্তিকর ছবি তুলে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে মাসুম শেখ নামে এলাকারই এক যুবক। ছবি ভাইরাল হতেই লজ্জায় আত্মঘাতী হয়েছে তাঁর মেয়ে। সে বেলডাঙা কলেজের সেকেন্ড ইয়ারের ছাত্রী ছিল। অভিযুক্তর বিরুদ্ধে রেজিনগর থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। রেজিনগর থানার ওসি জানিয়েছেন, অভিযুক্ত যুবক পলাতক। তার খোঁজে তল্লাশি চলছে। ওই যুবতীর বিয়ে ঠিক হয়েছিল তাঁরই এক আত্মীয়র সঙ্গে। এর মাঝেই অভিযুক্ত যুবক তাকে বিয়ের প্রস্তাব দেয়। সেই প্রস্তাব প্রত্যাখ্যান করায় ওই যুবক তাঁকে হুমকিও দেয় বলে অভিযোগ। যুবতীর বাবা জানিয়েছেন, রাতে তাঁর মেয়ে ভাই-বোনের সঙ্গে ঘরে শুয়েছিল। ওই যুবক পাইপ বেয়ে উপরে উঠে ঘরে ঢোকে। এরপর তাঁর মেয়ের সঙ্গে জোর করে আপত্তিকর ছবি তোলে। ধর্ষণ করা হয় বলেও অভিযোগ।

বামের জন্যই সমবায় ব্যাঙ্কগুলি বন্ধ হয়ে গিয়েছে : অরূপ রায়

বহরমপুর, ২৭ জুন: বাম আমলে ব্যাপক দুর্নীতি এবং স্বজনপোষণের কারণে সমবায় ব্যাঙ্কগুলো একে একে বন্ধ হয়ে গেছে। মঙ্গলবার এই অভিযোগ করলেন রাজ্যের সমবায়মন্ত্রী অরূপ রায়। সেই সঙ্গে তিনি এও জানিয়েছেন, রাজ্যে তৃণমূল সরকার আসার পর সমবায়গুলো ফের ঘুরে দাঁড়িয়েছে। রাজ্যের মানুষ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের প্রতি আস্থা হারাচ্ছে। সমবায় ব্যাঙ্কের প্রতি মানুষের আস্থা আগের থেকে অনেকটাই বেড়েছে। পাশাপাশি অনুষ্ঠান থেকে সমবায় কর্মীদের ডিভিডেন্ড দেওয়ার কথাও ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার বহরমপুরের রবীন্দ্রসদনে সমবায়ের একটি অনুষ্ঠানে যোগ দিতে এসেছিলেন অরূপবাবু। তিনি বলেন, ''এই প্রথমবার একসঙ্গে ১৩০টি সমবায়কে সিএসপি (কাস্টমার সার্ভিস পয়েন্ট) পরিষেবার স্বীকৃতি দিল রাজ্য সমবায় দফতর। গোটা রাজ্যে মোট ২৬০০টি সিএসপি রয়েছে।'' মঙ্গলবার এই সিএসপি-র উদ্বোধন করতে বহরমপুরের রবীন্দ্রসদন প্রেক্ষাগৃহে গিয়েছিলেন তিনি। সঙ্গে ছিলেন দফতরের ডিরেক্টর সত্যব্রত সামন্ত, জেলাশাসক পি উলগানাথন। যেসব সমবায় ভাল আমানত দেখাতে পেরেছে, পুরস্কৃত করা হয়েছে তাদের। পাশাপাশি এসএইচজি মহিলাদের হাতে একগুচ্ছ সাহায্য তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানের পর সাংবাদিক বৈঠকে অরূপবাবু বলেন, ''গত সরকারের আমলে ২০১০ সাল পর্যন্ত ব্যাঙ্কে দুর্নীতি ছিল। দুর্নীতি, স্বজনপোষণ এবং অনাদায়ী ঋণের কারণে অধিকাংশ সমবায় ব্যাঙ্ক বন্ধ হয়ে গিয়েছিল। বীরভূম জেলার সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কও বন্ধ হয়ে যায়। এই ব্যাঙ্কগুলো বাঁচানোর জন্য রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী ১১২ কোটি টাকা অনুমোদন করেন। কারণ সমবায় ব্যাঙ্কের উপরেই গোটা এলাকার উন্নয়ন নির্ভর করে। আমরা রিজার্ভ ব্যাঙ্কের কাছে লাইসেন্সও আদায় করেছি। এখন সমবায় আন্দোলনের মাধ্যমে ব্যাঙ্কগুলো ভাল চলছে।''

তিনি আরও বলেন, ''সাধারণ মানুষ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের উপর দিনের পর দিন আস্থা হারাচ্ছে। আস্থা বাড়ছে সমবায় ব্যাঙ্কের উপরে। আমানত বৃদ্ধি পাবে বলে আমাদের আশা। সমবায় ব্যাঙ্কে এক লাখ কোটি টাকা আমানতের লক্ষ্য রয়েছে। এখনও পর্যন্ত ৩৫ হাজার কোটি টাকা রয়েছে।

বঙ্কিমমেলার বহুমুখী স্টলে সচেতনতার প্রসার

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: সবে শেষ হয়েছে হাওড়ায় বঙ্কিমমেলা। বাইশে জুন থেকে ছাব্বিশে জুন পর্যন্ত চলে এই মেলা। সরকারি-বেসরকারি মিলিয়ে মোট পনোরোটি স্টল ছিল এই মেলায়। মেলা কমিটির সমন্বয়ক নিশীথ সরকার জানান, প্রতিটি স্টলের জীবনমুখী সচেনতার প্রসার হয়েছে। প্রতিদিনই এখানে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছিল। মূলত শেষ দিন মঙ্গলবার অ্যানিম্যাল লাভার্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে নিশীথবাবুকে সংবর্ধিত করা হয়।

বিভিন্ন স্টলের মধ্যে এক তরুণীর স্টিট ছিল খুবই প্রাসঙ্গিক। ভুল পরিচর্যার কারণে গৃহপালিত খরগোশের অকাল মৃত্যু রুখতে সচেতনতা ছড়ানোর কাজ করছেন এক তরুণী। পরিচর্যার ভুলে অকাল মৃত্যু হয় গৃহপালিত খরগোশের। সেই অকাল মৃত্যু রুখতে সোশ্যাল নেটওয়ার্কিং পরিষেবার মাধ্যমে সচেতনতার বার্তা দিতে উদ্যোগী হলেন এক তরুণী। সাধারণ মানুষকে এই ব্যাপারে সচেতন করতে হাওড়ার শরৎসদনে বঙ্কিমেলায় একটি স্টলও দিয়েছিলেন তিনি। সোশ্যাল নেটওয়ার্কিং পরিষেবার মাধ্যমে এই সচেতনতার ডাকে সামান্য দিনেই কয়েক হাজার সমমনস্ক মানুষের সাড়া পাওয়া গেছে। এই প্ল্যাটফর্মের সাহায্যে খরগোশ পুষেছেন এমন মানুষজনেদের নানা সমস্যার সমাধান তুলে ধরার কাজ করে চলেছেন সকলে। খরগোশ ''ল্যাগোমর্ফা'' গোত্রের একটি স্তন্যপায়ী প্রাণী। এই গোত্রটিতে প্রায় ৫২টি প্রজাতির খরগোশ অন্তর্ভুক্ত। এই প্রাণীর সবাই প্রধানত তৃণভূমি এলাকার বাসিন্দা। কয়েক বছর আগেই খরগোশের মাংস খাওয়া আইনি ছাড়পত্র পেয়েছে।

এখনও বহু বাড়িতে মানুষ খরগোশ পালন করে। কিন্তু বাড়িতে পালিত খরগোশের সঠিক পরিচর্যা কীভাবে করতে হয় সে ব্যাপারে সচেতন না হওয়ার কারণে বহু গৃহপালিত খরগোশের অকাল মৃত্যু হয় বলে জানান ওই তরুণী নন্দিতা দাস। তিনি ২০১৬ সাল থেকে সোশ্যাল নেটওয়ার্কিং পরিষেবার মধ্য দিয়ে এই বিষয়ে সচেতনা ছড়ানোর কাজ শুরু করেছেন। ইতিমধ্যেই ৪০০০ জনেরও বেশি মানুষ এই কর্মকাণ্ডে সামিল হয়েছেন। যাদের মধ্যে প্রায় ১০০০ জনের বাড়িতে রয়েছে খরগোশ। নন্দিতা জানান, মূলত ভুল খাদ্য নির্বাচনের কারণেই অধিকাংশ গৃহপালিত খরগোশের মৃত্যু হয়। এছাড়াও ভারতবর্ষের পশু চিকিৎসার সিলেবাসে খরগোশের চিকিৎসা সংক্রান্ত বিষয়টি এখনও অন্তর্ভুক্ত না থাকার ফলে এদের সঠিক চিকিৎসা করতে পারেন না অধিকাংশ পশু চিকিৎসক। বাড়ির ভাত, ডাল, রুটি, কিছুই এদের সঠিক খাদ্য নয় বলেও জানান তিনি। মূলত কচি দুব্বো ঘাস, খড় এবং পর্যাপ্ত পরিশুদ্ধ জল দিলেই সুস্থ্য স্বাস্থ্যবান থাকে গৃহপালিত খরগোশ।

হাওড়ার শরৎসদনে চলতে থাকা বঙ্কিমমেলায় দেওয়া স্টলের মধ্যে দিয়ে সাধারণ মানুষের সঙ্গে সরাসরি যোগাযোগ করে তাঁদের সচেতন করতে এগিয়ে এসেছিলেন নন্দিতা দাস। তাঁর এই স্টলে তাঁর পরিচিতরা অনেকেই বিভিন্ন জেলা থেকে নিজের পোষা খরগোশ নিয়ে এসেছেন এখানে বলেও জানান নন্দিতা। মেলা চলাকালীন অনেকেই কৌতূহলী হয়ে এগিয়ে এসেছেন। এই প্রসঙ্গে হাওড়ার বাসিন্দা স্কুল ছাত্রী রনিতা সরকার জানায়, নানা ধরনের সুন্দর এই খরগোশগুলো দেখে তাদের সম্পর্কে অনেক কিছু জানতে পেরে খুব ভাল লাগছে, আগামী দিনে বাড়িতে খরগোশ পোষার ইচ্ছেও রয়েছে বলেও জানায় রনিতা। মোট কথা, এবারের উনিশতম বঙ্কিমমেলা হয়ে উঠেছিল খুবই অপরিহার্য।

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

					8	1	4	
		1	4			6	5	
		6		7				9
6		4						
	1	2				4	3	
						5		6
9				4		8		
	5	7			2	9		
	2	8	1					

গতকালের সমাধান

9	6	3	2	7	8	4	5	1
2	5	1	9	3	4	8	7	6
7	8	4	1	5	6	3	9	2
1	9	2	7	8	3	5	6	4
5	3	8	6	4	1	9	2	7
4	7	6	5	2	9	1	8	3
3	2	9	8	1	7	6	4	5
6	4	5	3	9	2	7	1	8
8	1	7	4	6	5	2	3	9

— সমাধানের নিয়ম —
এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৯ ডিগ্রি ও ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩০ ডিগ্রি ও ২৫ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৭ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫৪, **সূর্যাস্ত:** ঘ ৬।২৫। **জোয়ার:** দুপুর ১.২৫। **ভাটা:** সকাল ৯.২৩।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,০৮০
গহনা সোনা (১০ গ্রাম):	২৯,৪৮৫
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৯,৯২৫
রুপোর বাট (প্রতি কেজি):	৪১,০০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪১,১০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	68,5246
INR / 1 Euro	:	79,8654
INR / 100 Jap. YEN	:	62.3600
INR/1 Pound Sterling	:	90.6032

শেয়ার সূচক

BSE 35,217.11 ▼ - (272.93)
NIFTY 10,671.40 ▼ (-97.75)

শব্দলিপি- ১২৩৫



প্রদীপ পালিত

পাশাপাশি ঃ ১। সুনীল গঙ্গোপাধ্যায়ের আধেক আত্মজীবনী ৪। দুর্ভিক্ষ ৫। গারদ ৭। কমের দিক ৮। দুধ উথলানো ১০। বাল্য, কৈশোর ও যৌবন একত্রে ১২। চঞ্চল ১৩। রমা ও রমাপতি একত্রে

উপরনীচ ঃ ১। মুখে চিত্ররচনা ২। কাপড়ের নকশাবিশেষ ৩। গোলগাল ৪। চোয়ানো মদ ৬। কমল নয়ন ৯। পিঙ্গলবর্ণ ১০। চ্যাপটা হাঁড়ি বিশেষ ১১। নারী

সমাধান ঃ শব্দলিপি - ১২৩৪

পাশাপাশি ঃ ১। হতস্মর ৪। আলসে ৬। শতানীক ৭। রজার বিনি ৯। রসনাবীতি ১১। বাগডোর ১৩। জবালা ১৪। কবিরাজি

উপরনীচ ঃ ২। তলতা ৩। রক্তকরবী ৪। আত্মপর ৫। সেপওনিদার ৬। শতরঞ্জবাজ ৮। জাতিবাচক ১০। নাকতোলা ১২। ডোকরা

Change of Name

I, Aastha Agarwal, D/o Alok Agarwal residing at 609, Block-O, New Alipore, Kolkata-700053 do hereby solemnly declare that henceforth I shall be known as Saishha Agarwal in place of Aastha Agarwal and the both names are the same & one identical person. vide affidavit before the Metropolitan Magistrate on 09.01.2015

CHANGE OF NAME

I, RABINDRA CHANDRA DUTTA S/o Fanindra Chandra Dutta R/o 16/1 , Raipur , Garia, Kolkata-700084 declare that My previous name was RABI DUTTA (old name). As per Affidavit on Notary public at Kolkata on 27.06.2018 I became known as RABINDRA CHANDRA DUTTA.

CHANGE OF NAME

I, SRI KINKAR PROSAD SAMANTA S/O BALAI CHANDRA SAMANTA R/O VILL & P.O. CHAMPADANGA (UNDER THE JURISDICTION OF CHAMPADANGA GRAM PANCHAYET) P.S. TARAKESWAR , DIST-HOOGHLY , PIN 712401 W.B DECLARE THAT MY CORRECT AND AUTHENTIC SPELLING OF MY NAME & SURNAME IS KINKAR PROSAD SAMANTA .BUT MY GUN LICENSE WRONGLY RECORDED KINKAR SAMANTA .AS PER AFFIDAVIT ON L D . E X E C U T I V E MAGISTRATE , SADAR, HOOGHLY ON 11.06.2018 BOTH KINKAR PROSAD SAMANTA AND KINKAR SAMANTA IS ONE, SAME AND IDENTICAL PERSON.